

বিশ্বনাথে শিক্ষকের চিকিৎসায় শিক্ষার্থীদের লাখ টাকা অনুদান

■ বিশ্বনাথ (সিলেট) সংবাদদাতা

সিলেটের বিশ্বনাথে রামসুন্দর অগ্রগামী উচ্চ বিদ্যালয়ের সাবেক শিক্ষক অসুস্থ লিয়াকত আলীর চিকিৎসায় লাখ টাকা অনুদান দিয়েছে একই বিদ্যালয়ের যুক্তরাজ্য প্রবাসী ১৬ শিক্ষার্থী। বিশ্বনাথ প্রেসক্লাবের ব্যবস্থাপনায় গতকাল শনিবার ওই শিক্ষকের মন্ডলকাপন গ্রামের বাড়িতে অনুদানের চেক প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন স্থানীয় সংসদ সদস্য ইয়াহইয়া চৌধুরী এফিফা। প্রেসক্লাবের সভাপতি মিজানুর রহমান মিজানের সভাপতিত্বে অনুষ্ঠানে অর্থায়ন করেছেন উপজেলা জাতীয় পার্টি (এ) ভারপ্রাপ্ত আহবায়ক সিভাব আলী, সাবেক সাধারণ সম্পাদক রফিকুল আলম লালু, এম. এ. রব. জয়নাল আবেদীন, নাজমুল ইসলাম চৌধুরী, আলভিদ্দিন, শরীফউদ্দিন, গোলাম জব্বদানী, কামরুজ্জামান, আওয়ামী লীগ নেতা মহকুত আলী জামান, বিশ্বনাথ প্রেসক্লাবের সহ-সভাপতি তজমুল আলী রাজু, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক এমদাদুর রহমান মিলাদ প্রমুখ।